



গণভোট ও নির্বাচনের ঘোষণায় প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানালো বিএনপি



সংগৃহীত ছবি

জাতির উদ্দেশ্যে দেওয়া ভাষণে ফেব্রুয়ারি মাসে নির্বাচন ও গণভোটের ঘোষণা পুনর্ব্যক্ত করায় বিএনপি প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানিয়েছে।

বৃহস্পতিবার (১৩ নভেম্বর) রাতে গুলশানস্থ বিএনপি চেয়ারপার্সন কার্যালয়ে দলের স্থায়ী কমিটির বৈঠক শেষে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতির উদ্দেশ্যে দেওয়া ভাষণে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে জাতীয় সংসদ নির্বাচনের ঘোষণা পুনর্ব্যক্ত করেছেন এবং সংসদ নির্বাচনের দিন গণভোট আয়োজনের বিষয়টিও উল্লেখ করেছেন। বিএনপির জাতীয় স্থায়ী কমিটি প্রধান উপদেষ্টাকে ধন্যবাদ জানিয়েছে।

একই সঙ্গে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, গত ১৭ অক্টোবর ঐক্যমতের ভিত্তিতে স্বাক্ষরিত জুলাই জাতীয় সনদের ওপর জনগণের সম্মতি গ্রহণের জন্য দ্রুত গণভোট আয়োজন এবং যথাসময়ে জাতীয় সংসদ নির্বাচনের ব্যবস্থা করার জন্য সরকার ও নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানানো হয়।

LENS ASIA